

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা

আদেশ

তারিখ, ২৯ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ / ১২ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-০৭-আইন/২০১৬।- Stamp Act, 1899 (Act No. II of 1899) এর section 9Gi clause (a) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৮ এর অধীন নিয়োগকৃত অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে উক্ত আইনের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চল উন্নয়নের নিমিত্ত, কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে লোন ডকুমেন্টের বিপরীতে সম্পাদিতব্য বন্ধকী দলিলের উপর আরোপনীয় স্ট্যাম্প ডিউটি এতদ্বারা মওকুফ (remit) করিল।

ব্যখ্যা:--- এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে---

- "তফসিলি ব্যাংক" অর্থ Bangladesh Bank Order, 1972 (PO No. 127 of 1972) এর অধীন সংজ্ঞায়িত কোন তফসিলি ব্যাংক।
- "আর্থিক প্রতিষ্ঠান" অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠান।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ নজিবুর রহমান  
সচিব।